

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৫৪

তারিখ: ২৭ মাঘ ১৪২৮

১০ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৮৬৬৮/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, টাংগাইল জেলার মির্জাপুর আদাবাড়ী গহের আলী উচ্চ বিদ্যালয় এর ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেবার পর এ কমিটি অবৈধভাবে একজন প্রধান শিক্ষক নিয়োগ করেন। এই প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠাতা ও সাবেক প্রধান শিক্ষক জনাব মো. রায়হানুল আলম অবৈধভাবে নিয়োগকৃত প্রধান শিক্ষক অপসারণ করার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর ২০.০৯.২০২১ তারিখে আবেদন করেন।

সাবেক প্রধান শিক্ষক জনাব মো. রায়হানুল আলম এর আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করা সংস্কৃদ্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮৬৬৮/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ১৬.০১.২০২২ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent No. 2 is directed to dispose of the petition’s representation dated 20.09.2021 (Annexure-H) within 30 (thirty) days from the date of receipt of a copy of this order, in accordance with law.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং- ৮৬৬৮/২০২১ মামলার আদেশের প্রেক্ষিতে বাদীর ২০/০৯/২০২১ তারিখের আবেদনটি (Annexure-H) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-২-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬৬৮২

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৫৪/১(৪)


তারিখ: ২৭ মাঘ ১৪২৮

১০ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১০-২-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব